ইত্তেফাক

054

তারিখ ২৭।৭।৮০
পৃষ্ঠা ... কলাম

# '৮৫ সালের মধ্যে নিরক্ষরতা দূর করিব —শাহ আজিজ

বাসস জানায়, প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান বয়স্ক সাক্ষরতা অভিযান আরও জোরদার করার জন্য সাক্ষরতার দায়িত্বে নিয়োজিত অতিরিক্ত জেলা প্রশাসকদের প্রতি ঘন ঘন পল্লী এলাকায় সফর এবং সংশ্লিষ্ট এলাকায় তৎপর স্বেচ্ছাসেবী সংগঠনসমূহের সঙ্গে যোগাযোগ রক্ষার আহ্বান জানাইয়াছেন। প্রধানমন্ত্রী গতকাল (শনিবার) জনশিক্ষা পরিদপ্তরের সম্মেলন কক্ষে এডিসিদের এক সভায় ভাষণ দিতেছিলেন।

শাহ আজিজ বলেন, আমরা ১৯৮৫ সালের মধ্যে দেশকে নিরক্ষরতার অভিশাপ হইতে মুক্ত করিতে কৃতসংকল্প।

প্রধানমন্ত্রী বলেন, আমরা ইতিমধ্যে ৩০ লক্ষ নর-নারীকে ব্যবহারিক সাক্ষরতা প্রদান করিয়াছি। এতদুদ্দেশ্যে আমরা বই-পত্র ও রেডিও সেট সহ প্রতিটি গ্রামে একটি করিয়া পাঠাগার প্রতিষ্ঠার সিদ্ধান্ত নিয়াছি।